

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪২

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২২. পেশাবের পর অযু করা প্রসঙ্গে

باب فِي الإسْتِبْرَاءِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، وَخَلَفُ بْنُ هِشَامٍ الْمُقْرِئُ، قَالَا: حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يَحْيَى التَّوْأَمُ، عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي مُلَيْكَةَ، حَ وَحَدَّثَنَا عَمْرُو بْنُ عَوْنٍ، قَالَ أَخْبَرَنَا أَبُو يَعْقُوبَ التَّوْأَمُ، عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي مُلَيْكَةَ، عَنْ أُمِّهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ بَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم، فَقَامَ عُمَرُ خَلْفَهُ بِكُوزٍ مِنْ مَاءٍ فَقَالَ " مَا هَذَا يَا عُمَرُ". فَقَالَ هَذَا مَاءٌ تَتَوَضَّأُ بِهِ. قَالَ " مَا أُمِرْتُ كُلَّمَا بُلْتُ أَنْ أَتَوَضَّا أُ بِهِ. قَالَ " مَا أُمِرْتُ كُلَّمَا بُلْتُ أَنْ أَتَوَضَّا أَ وَلُو فَعَلْتُ لَكَانَتْ سُنَّةً".

_ ضعيف: المشكاة ٣٦٨

বাংলা

8২। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পেশাব করলেন। সে সময় 'উমার (রাঃ) পানি ভর্তি একটি লোটা নিয়ে তাঁর পিছনে দাঁড়ালেন। তিনি বললেন, হে 'উমার! এই লোটা কেন? 'উমার (রাঃ) বলেন, আপনার অযুর পানি। তিনি বললেন, পেশাব করলেই অযু করতে হবে, আমাকে এরূপ নির্দেশ দেয়া হয়নি! আমি এরূপ করলে তা অবশ্যই (অবশ্য পালনীয়) সুন্নাত হয়ে যাবে।[1]

দুর্বল: মিশকাত ৩৬৮।

English

Narrated Aisha, Ummul Mu'minin:

The Prophet (ﷺ) urinated and Umar was standing behind him with a jug of water. He said: What is this, Umar? He replied: Water for you to perform ablution with. He said: I have not been commanded to perform ablution every time I urinate. If I were to do so, it would become a sunnah.



ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পেশাব করার পর উযু না করা, হাঃ ৩২৭) আহমাদ (৬/৯৫)। আল্লামা হাইসামী এটিকে 'মাজমাউয যাওয়ায়িদ' (১/২৪১) গ্রন্থে উল্লেখ করে বলেনঃ "হাদীসটি আহমাদ বর্ণনা করেছেন। যা ইবনু আবূ মুলায়কাহ কর্তৃক তার মাতার সূত্রে বর্ণনা। আমি তার জীবনী বর্ণনা করতে কাউকে দেখিনি।" এছাড়া হাদীসটি আবূ ইয়ালা বর্ণনা করেছেন ইবনু আবূ মুলায়কাহ থেকে তার পিতা থেকে আয়িশাহ সূত্রে। এর সনদে 'আব্দুল্লাহ ইবনু ইয়াহইয়া আত-তাওয়ামকে হাফিয 'আত-তারুবীর' গ্রন্থে দুর্বল বলেছেন। তাছাড়া আইয়ুব সাখতায়ানী এর বিপরীত সানাদ বর্ণনা করেছেন। তার সানাদটি বুখারীর শর্তে সহীহ। আর সেটিও আবূ দাউদ বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন